

ঢাকা ওয়াসা

১।
২।
৩।


মডস জোন-২ এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
টিভি সার্ভিসিংকারী প্রতিষ্ঠান হতে প্রাপ্ত কোটেশন।
প্রস্তুতকৃত প্রাক্কলন।


বিষয়: মডস জোন-২ এর অফিস কক্ষে সিসি ক্যামেরা পর্যবেক্ষণের জন্য ব্যবহৃত টিভি মেরামত কাজের জন্য অস্থায়ী অগ্রীম অনুমোদন প্রসঙ্গে।

১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁদনীঘাট পানি শোধনাগার একটি কেপিআই স্থাপন এবং বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত। সেই কারনে জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই) কর্তৃক প্লান্টের মনিটরিং ও নিরাপত্তা ব্যবস্থা যথাযথ রাখার নির্দেশনা রয়েছে। এছাড়া প্লান্টের মূল্যবান বৈদ্যুতিক ও যান্ত্রিক মালামাল প্লান্টের অভ্যন্তরে খোলা আকাশের নিচে রক্ষিত থাকে। প্রসেস কেমিক্যাল হিসেবে ব্যবহৃত ক্লোরিন, এলাম, লাইম প্রভৃতি প্রসেস কেমিক্যাল বহনকারী ট্রাক, মিনিট্রাক রাতের বেলায় মালামাল পরিবহন, লোডিং আনলোডিং করে থাকে ফলে স্টোর রুমের বাহিরের মূল্যবান মালামাল চুরি/হারিয়ে যাবার সম্ভাবনা থাকে। সেই কারনে প্লান্টের বিভিন্ন লোকেশনের কার্যক্রম পর্যবেক্ষণ ও সূষ্ঠ নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করনের লক্ষ্যে কম্পাউন্ডে আইপি ক্যামেরা স্থাপন করা হয়েছে। যা টিভি মনিটরের মাধ্যমে উক্ত লোকেশনের কার্যক্রম মনিটরিং করা হয়। দীর্ঘদিন ধরে টিভি মনিটরে ত্রুটি দেখা দিচ্ছে। স্থানীয় টেকনিশিয়ানকে দেখানো হলে তিনি পরীক্ষা-নিরীক্ষা করে বলেন মনিটরটি মেরামত ও ডিসপ্লে পরিবর্তন করা প্রয়োজন। ডিসপ্লে পরিবর্তন করার জন্য টিভি সার্ভিসিংকারী প্রতিষ্ঠান হতে কোটেশন সংগ্রহ করে সর্বনিম্ন দরের আলোকে একটি প্রাক্কলন প্রস্তুত করা হ'ল (সংযুক্ত ক্রঃ নং-৩ দ্রঃ)।


২। উক্ত কাজের খরচ ২০২৫-২৬ ইং অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-১০১ এর পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাত হতে বহন করা যেতে পারে (ক্রঃ নং-১ দ্রঃ)। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর বিধি ১০০ (১) মোতাবেক আলোচ্য সরাসরি নগদ ক্রয় কাজটির অনুমোদন প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ার ভুক্ত।


৩। এমতাবস্থায়, মডস জোন-২ এর অফিস কক্ষে সিসি ক্যামেরা পর্যবেক্ষণের জন্য ব্যবহৃত টিভি মেরামত কাজ বাবদ সর্বমোট ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত টাকা) মাত্র নির্বাহী প্রকৌশলী, মডস জোন-২ এর অনুকূলে সরাসরি নগদে প্রদানের অনুমোদনের জন্য পেশ করা হ'ল। যা পরবর্তীতে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।


১৪/০৪/২৬
মোঃ ওমর ফারুক
উপ-সহকারী প্রকৌশলী
ঢাকা ওয়াটার ওয়ার্কস
মডস জোন-২, ঢাকা ওয়াসা


১৭/০৪/২৬
Sardar Jaemul Hossain
Assistant Engineer
MODS Zone-2, Dhaka WASA



১৭/০৪/২০২৬
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।


SE (W/OPS-1)


২০/০৪/২৬
মোঃ ফিরোজ আলিম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

Xm, Zone-02

৪১ স্বাক্ষর অনুমোদিত,


১৬/০৪/২৬

শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।